

লেখাপড়ায় মারাত্মক ব্যাঘাত ঘটছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সংখ্যা শিক্ষার্থীদের তুলনায় কম : শতকরা ২০ ভাগ ছুটিতে

মুহাম্মদ যাকারিয়া ॥ দেশের সরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক সংখ্যা শিক্ষার্থীদের তুলনায় আদৌ সন্তোষজনক নয়। এর পাশাপাশি প্রতিটি বিশ্ববিদ্যালয়ের শতকরা ২০ ভাগ শিক্ষক বিভিন্নরকম ছুটিতে অনুপস্থিত থাকেন বলে বিশ্ববিদ্যালয়গুলোতে লেখাপড়ার মারাত্মক ব্যাঘাত ঘটছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (বিমক) সর্বশেষ বার্ষিক প্রতিবেদনে এ তথ্য

হয়েছে যে, বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক-শিক্ষার্থীর অনুপাতিক হার সশোষণজনক হলে শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্ভব হয়ে উঠতে পারে। সংশ্লিষ্ট সূত্র জানায়, বিমক-এর সর্বশেষ প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, ২০০১ সালে দেশের ১৩টি বিশ্ববিদ্যালয়ে মোট শিক্ষার্থী ৯২,৩১২ জন এবং মোট শিক্ষক সংখ্যা ছিল ৫০৯৩ জন। ছাত্র-ছাত্রীদের ৪-এর পূঃ ৬-এর কঃ দেখুন

বিশ্ববিদ্যালয় শিক্ষক সংখ্যা

৮-এর পৃষ্ঠার পর
মুদ্রা বিদেশীদের সংখ্যা ১৮৫ জন। শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত ১৪১৮.১৪। ২০০০ সালের তুলনায় এ বছরে শিক্ষক সংখ্যা বৃদ্ধি পেয়েছে শতকরা ৬.৮৬ ভাগ এবং শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পায় শতকরা ১৮.৩৭ ভাগ। শিক্ষকদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানে কনসাল্টেঙ্গীতে যুক্ত আছেন। এছাড়া শিক্ষা ছুটি ও অন্যান্য কারণে অনুপস্থিত শিক্ষক সংখ্যা হচ্ছে ৯১৩ জন অর্থাৎ শতকরা ২০ ভাগ। এই অনুপস্থিত শিক্ষকদের বাদ দিলে শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত আরো বাড়বে। তুলনামূলকভাবে ১৯৯৯ ও ২০০০ সালে এই অনুপাত ছিল যথাক্রমে ১১৬ ও ১১৬.৯০। ২০০১ সালে ৫টি সাধারণ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা ছিল ৭১৯১৬ এবং শিক্ষক সংখ্যা ৩৩৬৬ জন। এক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১৪২১.৩৬। অপরপক্ষে ৬টি বিশেষ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিল ২০৩৯৬ এবং শিক্ষক সংখ্যা ১৭২৭ জন। অনুপাত ১৪১১.৮১। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষক ছুটিতে অনুপস্থিত থাকার কারণে বিশ্ববিদ্যালয়গুলোতে লেখাপড়ার ওপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, ২০০১ সালে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত হচ্ছে : ঢাকা বিশ্ববিদ্যালয় ১১৬.৪৫, রাজশাহী বিশ্ববিদ্যালয় ১১২৮.৭১, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ১১১১.৮৬, বুয়েট ১১১৫.৮৫, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১১২২.৪৬, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১১৬.৬৩, ইসলামী বিশ্ববিদ্যালয় ১১২৯.২৭, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১১১১.৪৩, খুলনা বিশ্ববিদ্যালয় ১১১৪.৩১ এবং শেতে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ১১৫.২০।